সমকাল

তারিখ 09 DEC 2016
পৃষ্ঠা ১৮ কলাম ৬

# মালয়েশিয়ায় শিক্ষা কাজের অধিকার চায় রোহিঙ্গারা

■ সমকাল ডেস্ক

মালয়েশিয়ার সরকার তার দেশে আশ্রয় নেওয়া হাজার হাজার জাতিগত রোহিঙ্গাকে কাজ ও শিক্ষালাভের অধিকার দেবে বলে আশা করছে নিজ দেশে অধিকার বঞ্চিত মানুষ। রোহিঙ্গাদের নিয়ে সম্প্রতি মালয়েশিয়ার প্রধানমন্ত্রী নাজিব রাজাকের প্রতিবাদী ভূমিকায় এ আশা করছে তারা। গত এক বছরে মিয়ানমারের রাখাইন রাজ্যের সহিংসতা থেকে বাঁচতে ৫৬ হাজারেরও বেশি রোহিঙ্গা পালিয়ে মালয়েশিয়ায় আশ্রয় নিয়েছে।

মালয়েশিয়ায় রোহিঙ্গা সোসাইটির অনুমান, এখনও ৩৫ হাজারেরও বেশি রোহিঙ্গা বলে জানিয়েছে জাতিসংঘের উদ্বাস্তু বিষয়ক হাইকমিশনারের (ইউএনএইচসিআর) কার্ডপ্রাপ্তির অপেক্ষায় রয়েছে। মালয়েশিয়া ১৯৫১ ও ১৯৬৭ সালের উদ্বাস্তুদের অবস্থা সম্পর্কিত কনভেনশনে সাক্ষর করেনি। এ কারণে দেশটি আশ্রয় প্রার্থী ও শরণার্থীদের আইনত স্বীকৃতি দেয় না। মালয়েশিয়ায় রোহিঙ্গাদের পরবাস জীবন কেমন চলছে– বৃহস্পতিবার প্রকাশিত সিঙ্গাপুরভিত্তিক চ্যানেল নিউজ এশিয়ার এক অনুসন্ধানী প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। মালয়েশিয়ার রোহিঙ্গা সোসাইটির সভাপতি ফয়সাল ইসলাম মুহাম্মাদ কাসিম চ্যানেল নিউজ এশিয়াকে জানান, মালয়েশিয়ায় রোহিঙ্গাদের অনেকে অবৈধভাবে বিভিন্ন নির্মাণ শিল্পে মাসে মাত্র ২৫০ ডলারে কাজ করছে। দেশটিতে এই বেতনে তাদের টিকে থাকার জন্য যথেষ্ট নয়। তিনি বলেন, 'সরকার চাইলে আমাদের জন্য কিছু করতে পারে এবং সরকার যদি রোহিঙ্গাদের এখানে বৈধভাবে কাজ করার সুযোগ দেয় তা তাদের (রোহিঙ্গাদের) জন্য মঙ্গলজনক হবে।

এদিকে রোহিঙ্গাদের নিয়োগের অধিকার শিগগিরই বাস্তবতা লাভ করতে পারে বলে জানিয়েছে ইউএনএইচসিআর। সংস্থাটি বলছে, রোহিঙ্গাদের কাজ করার অনুমতি প্রদানে তারা মালয়েশিয়ার সরকারের সঙ্গে একটি পাইলট প্রকল্প নিয়ে কাজ করছে।